

ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের আওতায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১ সেমিস্টার-১) শ্রেণিতে ভর্তির নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

নির্দেশাবলীঃ

১। ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা এবং অটোমাইগ্রেশনের পর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের টিএসসি (নীচতলা, কমিউনিটি হল-১) এ স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তির জন্য নির্ধারিত ফরম পূরণপূর্বক বিভিন্ন অনুষদ/ডিগ্রীর নির্ধারিত ফি'র সাথে পূর্বে/প্রথম ধাপে অনলাইনে জমাকৃত টাকা ১০,০০০/- (দশ হাজার) সমন্বয় করে অবশিষ্ট টাকা জমা দিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। ভর্তির সময়সূচি :

ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত রোল নম্বরের ক্রম ও সময়সূচি অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। সেজন্য নির্ধারিত রোল নম্বরধারীকে নির্ধারিত তারিখেই বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে ভর্তি হওয়ার জন্য বলা হলো:

ভর্তি পরীক্ষার রোল নম্বর	ভর্তির তারিখ ও সময়
১০০২২০ থেকে ১৩০৮৭৭	২৬-০৪-২০২৫ তারিখ, ,রবিবার, সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা
১৩১০৩৯ থেকে ১৫২৮২৬	২৭-০৪-২০২৫ তারিখ, সোমবার, সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা
১৫২৮৭২ থেকে ১৮৭১৪৬	২৮-০৪-২০২৫ তারিখ, মঙ্গলবার, সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা

৩। অনুষদ/প্রোগ্রাম ভিত্তিক ভর্তি ফি নিম্নরূপ:

অনুষদের নাম	প্রোগ্রাম/ডিগ্রির নাম	ফি'র পরিমাণ
কৃষি	বিএসসি এজি (অনার্স)	১৭৪০০/-
এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট	বিএসসি এগ্রিকালচারাল ইকোনোমিক্স (অনার্স)	১৭৬০০/-
এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন	বিএসসি ভেট সাইন্স এন্ড এইচ	২৩৮৫০/-
ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স	বিএসসি ফিশারিজ (অনার্স)	১৭১০০/-

- উল্লেখ্য যে, উপরোক্ত ভর্তি ফি ছাড়াও আবাসিক হলে আবাসিক হওয়ার জন্য ২৭৫০/- (দুই হাজার সাতশত পঞ্চাশ) টাকা এবং অনাবাসিক হিসেবে সংযুক্তির জন্য ১২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা পরিশোধ করতে হবে।

৪। ভর্তির সময় প্রার্থীদেরকে-

ভর্তি পরীক্ষার জন্য প্রদত্ত প্রবেশপত্র সংগে আনতে হবে এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূল প্রশংসাপত্র, ০৪ কপি পাসপোর্ট সাইজের ফটো (ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে প্রদত্ত ছবির অনুরূপ), এসএসসি/সমমান পরীক্ষার সনদের ০১ সেট ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সার্টিফিকেট এর ফটোকপি জমা দিতে হবে।

৫। কোটায় নির্বাচিত প্রার্থীদের জন্য উপরে উল্লেখিত কাগজপত্র ছাড়াও-


- মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদেরকে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে।
- প্রতিবন্ধী কোটায় নির্বাচিত প্রার্থীদেরকে সমাজ সেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিস কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র/সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৬। ভর্তির দিন বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট গ্রহণ করতে হবে।

৭। ভর্তিকৃত কোন শিক্ষার্থী তাঁর একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং অন্যান্য ডকুমেন্ট ফেরৎ নিতে চাইলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর আবেদন করতে হবে এবং জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা দিতে হবে। উল্লেখ্য যে, ভর্তি বাতিল করার জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা ভর্তি বাতিল ফি জমা দিতে হবে।

- ৮। ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন কর্মসূচি এবং ক্লাশ শুরুর তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।
- ৯। আবাসিক হলে সিট বরাদ্দ না পাওয়া পর্যন্ত নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। তবে ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থীকে কোন না কোন হলে আবাসিক/অনাবাসিক হিসেবে সংযুক্ত থাকতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,



(মোঃ নজরুল ইসলাম)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

বিতরণঃ



- ১। আহবায়ক/সদস্য/সদস্য-সচিব, ভর্তি কমিটি ২০২৫-২৬
- ২। আহবায়ক, নিরীক্ষা উপ-কমিটি ২০২৫-২০২৬ (১ম দিন/২য় দিন/৩য় দিন)

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)ঃ

- ১। ডিন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স অনুষদ, শেকুবি
- ২। প্রভোস্ট (সকল).....শেকুবি
- ৩। প্রক্টর, শেকুবি।
- ৪। পরিচালক, অর্থ ও হিসাব শাখা, শেকুবি
- ৫। পরিচালক, আইসিটি সেল, শেকুবি (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রচারের অনুরোধ ও ভর্তির সময় আইটি সাপোর্টের অনুরোধসহ)
- ৬। পরিচালকশেকুবি
- ৭। চীফ মেডিকেল অফিসার, শেকুবি
- ৮। প্রধান প্রকৌশলী, শেকুবি
- ৯। এডিশনাল রেজিস্ট্রার/অতিরিক্ত পরিচালক (সংশ্লিষ্ট).....শেকুবি
- ১০। এসিস্টেন্ট জেনারেল ম্যানেজার, অগ্রনী ব্যাংক লিমিটেড, শেকুবি শাখা
- ১১। জনসংযোগ কর্মকর্তা, শেকুবি (সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের অনুরোধসহ)
- ১২। ভিসি মহোদয়ের একান্ত সচিব, শেকুবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি
- ১৩। এস্টেট অফিসার, শেকুবি (টিএসসি কমপ্লেক্স এর নীচতলা, কমিউনিটি হল-১ প্রস্তুত করার জন্য)
- ১৪। পিএ টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি
- ১৫। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি
- ১৬। পিএ টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি
- ১৭। নোটিশ বোর্ড
- ১৮। অফিস নথি/মহানথি

